গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা-২ শাখা

সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায়ের কার্যক্রম বিস্তৃতকরণ" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৫ম সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ মশিউর রহমান এনডিসি সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
সভার তারিখ	০৬ এপ্রিল-২০২৩ খ্রিস্টাব্দ।
সভার সময়	সকাল ১১.৩০ ঘটিকা।
স্থান	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ সরাসরি/জুম প্লাটফর্ম।
উপস্থিতি	কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট -"ক" সদয় দ্রষ্টব্য।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। উপ সচিব (পরিকল্পনা শাখা-২) সভাকে অবহিত করেন যে, সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ''দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায়ের কার্যক্রম বিস্তৃতকরণ'' শীর্ষক প্রকল্পটি জুলাই-২০২১ হতে জুন-২০২৩ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। এটি প্রকল্প স্টিয়ারিং কমিটির ৫ম সভা। তিনি প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যসহ প্রকল্পের গুরুত্বপূর্ণ তথ্যাদি সভায় সকলকে অবহিত করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভায় নিম্নরূপ আলোচনা অনুষ্ঠিত হয়ঃ

২.০ উপস্থাপনা ও আলোচনা:

২.১ প্রকল্প পরিচালক বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি বলেন যে, বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক ডিপিপি সংশোধনের কাজ চলমান রয়েছে। সংশোধিত প্রস্তাবে প্রকল্পের **মেয়াদ এক বছর বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে** এবং সদস্যগণের ব্যবস্থাপনা ও হিসাব রক্ষণ প্রশিক্ষণ অন্তর্ভুক্ত করা হয়েছে এবং আরডিএ, বগুড়ার কাজ থেকে তথ্য নিয়ে তাদের আরডিএতে গরুর প্রাথমিক চিকিৎসা বিষয়টা প্রশিক্ষণের বাজেট অন্তর্ভুক্ত করা হয়েছে। ডিপিপি সংশোধনের কাজ শেষ হলে ডিপিসি সভা আহবান করার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

২.২ প্রকল্প পরিচালক পাওয়ার পয়েন্টে অঙ্গভিত্তিক অগ্রগতি সভায় উপস্থাপন করেন। উপস্থাপনায় দেখা যায় যে, বর্তমান অর্থবছরের জরীপের সংশোধিত লক্ষ্যমাত্র ১০৭১ (মূল ১২৬০ এর ৮৫%) ১০৭১ জনের বিপরীতে এ যাবৎ ৯০০ জনের জরীপ কাজ চূড়ান্ত হয়েছে। অগ্রগতি ৮৪%। বর্তমান অর্থবছরে সমবায় সমিতি নিবন্ধনের সংশোধিত লক্ষ্যমাত্র ১১ টি। এর বিপরীতে ০৯ টি সমবায় সমিতি নিবন্ধন হয়েছে। অগ্রগতি ৮২%। বর্তমান অর্থবছরে প্রশিক্ষণের সংশোধিত লক্ষ্যমাত্রা ৬৩০ জন। (মূল ১২৬০ এর ৫০%) ৬৩০ জনের বিপরীতে এ যাবৎ ৪৫০ জনের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। অগ্রগতি ৭২%। ঋণের চেক বিতরণ ক্ষেত্রে বর্তমান অর্থ বছরের ঋণের চেক বিতরণের সংশোধিত লক্ষ্যমাত্রা ১০৭১। (মূল ১২৬০ এর ৮৫%) ইতোমধ্যে ২৬০ জনের ঋণের চেক বিতরণ করা হয়েছে। অগ্রগতি ২৪%। তবে হিসাবরক্ষণ অফিস থেকে ফেব্রুয়ারি ২০২৩ পর্যন্ত ৪৬০ জন সুবিধাভোগীর অনুকূলে ঋণের অর্থ ছাড় করা হয়েছে। যার শতভাগ মেহেরপুর সদরের। মণিরামপুরের সুবিধাভোগীর মধ্যে হতে ২০০ জনের বিপরীতে হিসাবরক্ষণ অফিসে বিল দাখিল করা হয়েছে। পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় বিল দাখিল করা যায়নি। সেমতে কাজের অগ্রগতি ৬২%। বিগত বছরে ঋণের চেকপ্রাপ্ত ২৯৪০ জন সুবিধাভোগীর মধ্যে ২৯৪০ জন সুবিধাভোগী ৩৫৩৮ টি গরু (২৬৩০+৯০৮) কিনেছেন। মণিরামপুর ২২৩০ জন, মেহেরপুর সদর ৬৪০ জন। চেক বিতরণের বিপরীতে অগ্রগতি ১০০%। বর্তমান অর্থ বছরে ২৬০ জন সুবিধাভোগীর মধ্যে ২৫৪ জন সুবিধাভোগী ২৯৫ টি গরু কিনেছেন। চেক বিতরণের বিপরীতে গরু ক্রয়ের অগ্রগতি ৯৮%।

২.৩ তিনি আরও জানান যে, প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের আরএডিপিতে মোট ১৫০৯ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। মার্চ ২০২৩ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ৫৭৭.৫০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ৫২৮.৬৬ লক্ষ টাকা, যা এ বছরের আরএডিপিতে প্রাপ্ত বরাদ্দের ৩৫.০৩%। ক্রমপুঞ্জিভূত অগ্রগতি ৩৮৯৫.১২ লক্ষ (৭৮.২০%)। ইতোমধ্যে ৩য় কিস্তির অর্থ ছাড় হয়েছে। লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের জন্য কার্যক্রম অব্যাহত রয়েছে।

২.৪ বিবিধ কোন প্রস্তাবনা নেই। সভাপতি সম্মানিত সকল সদস্যকে কোন আলোচ্য বিষয় থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সভায় বিবিধ কোন আলোচনার প্রস্তাব পাওয়া যায়নি। জনাব মো: সাইফুল ইসলাম মন্ডল, উপ-প্রধান, পরিকল্পনা কমিশন প্রকল্প পরিচালকের

কাছে জানতে চান, আর্থিক অগ্রগতি বর্তমানে ৩৫% হলে তা বছর শেষে শতভাগে উন্নীত করা সম্ভব কি-না? শতভাগ অর্জনে প্রকল্প দপ্তরের প্রস্তুতি রয়েছে বলে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন।তিনি আরও জানান, ৩য় কিস্তির অর্থ ছাড় হওয়াতে একটু সময় লাগার কারণে বিল প্রস্তুত থাকা সত্ত্বেও কোন বিল দাখিল করা হয়নি। ৩য় কিস্তির অর্থ (২৬২.৬০ লক্ষ টাকা) ছাড় হয়েছে এবং তার বিপরীতে ২১০.০০ লক্ষ টাকার বিল প্রস্তুত আছে। আইবাসে অর্থ বিভাজনের পরপরই বিল দাখিল করা হবে। সে হিসাবে ৩য় কিস্তির ব্যয়ও সন্তোষজনক এবং ৪র্থ কিস্তির অর্থ ছাড়ে বিলম্ব না হলে আশাকরি মে ২০২৩ মাসের মধ্যে আমাদের শতভাগ অর্জন সম্ভব হবে। ৩য় কিস্তির অর্থ ছাড় হলেই ৪র্থ কিস্তির চাহিদা প্রেরণ করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

২.৫ সভাপতি বলেন, বর্তমান অর্থ বছরেও ক্রমপুঞ্জিভূত অগ্রগতি সন্তোষজনক। তিনি আরএডিপি শতভাগ অর্জন করার জন্য সচেষ্ট থাকার নির্দেশনা প্রদান করেন। যুগ্ম সচিব (উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ বলেন, ৪র্থ কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাব পেলে দ্রুত নিষ্পত্তি করা হবে।

২.৬ বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

<u>সিদ্ধান্তসমূহ:</u>

১) ডিপিপি সংশোধনের প্রস্তাবনা **দ্রুত প্রেরণ করতে হবে।**

বাস্তবায়নে: প্রকল্প পরিচালক।

২) অর্থ বছরের আরএডিপি মোতাবেক **লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করতে হবে।**

বাস্তবায়নে: প্রকল্প পরিচালক।

৪.০ পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মশিউর রহমান এনডিসি
সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৩৮.১৪.০০২.২০.৪৩

তারিখ: ৩০ চৈত্র ১৪২৯
১৩ এপ্রিল ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার
ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা ।
২) সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৩) সদস্য,সাধারণ অর্থনীতি বিভাগ,পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৫) সদস্য, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৬) অতিরিক্ত সচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৭) নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
৮) মহাপরিচালক (চলতি দায়িত্ব), প্রাণিসম্পদ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৯) যুগ্ম-প্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
১০) যুগ্মসচিব (রুটিন দায়িত্ব), পরিকল্পনা অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১১) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১২) যুগ্ম-নিবন্ধক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, সমবায় অধিদপ্তর,ঢাকা।
১৩) প্রকল্প পরিচালক, “দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায়ের কার্যক্রম বিস্তৃতকরণ” শীর্ষক প্রকল্প, সমবায় অধিদপ্তর,আগারগাঁও, ঢাকা ।
১৪) সিস্টেম এনালিস্ট , আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১৫) সিনিয়র সহকারী সচিব, এপিএ সেল, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

স্বপন কুমার বসু
উপসচিব

অদ্য ০৬ এপ্রিল- ২০২৩ খ্রি: তারিখ রোজ বৃহষ্পতিবার সকাল ১১.৩০ ঘটিকায় সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায়ের কার্যক্রম বিস্তৃতকরণ" শীর্ষক প্রকল্পের ৫ম স্টিয়ারিং কমিটি'র সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের হাজিরাঃ-

ক্র: নং	কর্মকর্তার নাম ও পদবী	মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ সংস্থার নাম	মোবাইল নং/ ই-মেইল	স্বাক্ষর ও তারিখ
১।	ড. [illegible] অতি: সচিব (পরি: উন্নয়ন)	RDCD	—	[signature] 06/08/2022
২।	Ashraf Uddin Ahmed Khan	JS, RDCD	01731545[illegible]-71	[signature] 01812[illegible]
৩।	Swapan Kr. Bose DS	RDCD	01716571000	[signature] 06.04.2023
৪।	Mohammad Helal Uddin Joint Registrar	Department of Cooperatives	01552481696	[signature] 6.4.23
৫।	নিবন্ধক ও মহাপরিচালক	-ঐ	ভূমে যোগদান	
৬।	জনাব মোঃ মিজানুর রহমান প্রকল্প পরিচালক	-ঐ-	-ঐ-	
৭।	জনাব মোঃ সাইফুল ইসলাম মন্ডল উপ-প্রধান	পরিকল্পনা কমিশন	-ঐ-	
৮।				
৯।				
১০।				